## নবম গ্রেডে HIV প্রতিরোধ শিক্ষা

| পাঠ বা লেসন # | পাঠ বা লেসনের শিরোনাম | ধারণা ও দক্ষতার প্রতি অভিনিবেশ |
|---|---|---|
| 1 | HIV কী? | ▪ HIV এবং AIDS-এর বৈশিষ্ট্যসমূহ জানা।<br>▪ HIV যৌনসম্পর্ক এবং যৌনতা ভিন্ন অন্য উপায়ে কীভাবে উভয়ভাবেই সংক্রমিত হতে পারে তা শেখা। |
| 2 | আমাদের HIV পরীক্ষা, প্রতিরোধ এবং শুশ্রূষা পাওয়ার অধিকার<br>**প্রতিরোধ শিক্ষা থেকে নাম প্রত্যাহার* | ▪ ভিন্ন ভিন্ন কমিউনিটির উপর HIV-এর প্রভাবসমূহ সম্পর্কে শেখা।<br>▪ PrEP সম্পর্কে শেখা।<br>▪ HIV বিষয়ে কিশোর-কিশোরীদের অধিকার সম্পর্কে জানা। |
| 3 | HIV-এর জন্য সঠিক সিদ্ধান্ত গ্রহণ | ▪ সিদ্ধান্ত-গ্রহণের গুরুত্ব সম্পর্কে শেখা।<br>▪ একটি চার-ধাপ বিশিষ্ট সিদ্ধান্তের মডেল কীভাবে ব্যবহার করা যায় তা প্রদর্শন। |
| 4 | সম্মতি: হ্যাঁ মানে হ্যাঁ, না মানে না | ▪ একজন সঙ্গীর (পার্টনার) সাথে ভাব বিনিময় সম্পর্কে শেখা।<br>▪ যৌন সম্মতির বিষয়ে কীভাবে স্পষ্ট করে কথা বলতে হয় সেটি প্রদর্শন। |
| 5 | কনডম ব্যবহারে আস্থা<br>**প্রতিরোধ শিক্ষা থেকে নাম প্রত্যাহার* | ▪ কনডম সম্পর্কে জানা।<br>▪ কীভাবে সঠিকভাবে কনডম ব্যবহার করতে হয় সেটি প্রদর্শন।<br>▪ কিশোর-কিশোরীরা কোথায় বিনামূল্যে অথবা অত্যন্ত স্বল্প মূল্যে কনডম পেতে পারে তা জানা। |
| 6 | আপনি যদি দায়িত্বপ্রাপ্ত হতেন, তাহলে? | ▪ সরকার এবং স্বাস্থ্যসেবা ব্যবস্থা কীভাবে HIV সংক্রমণ মোকাবিলা করেছে তা বোঝা।<br>▪ NYC-এর HIV নীতি সম্পর্কে জানা।<br>▪ অন্য নীতিসমূহ শনাক্তকরণ যা HIV তথ্য, প্রতিরোধ, পরীক্ষা এবং চিকিৎসা লাভে সহায়তা করতে পারে। |

## দশম গ্রেডে HIV প্রতিরোধ শিক্ষা

| পাঠ বা লেসন # | পাঠ বা লেসনের শিরোনাম | ধারণা ও দক্ষতার প্রতি অভিনিবেশ |
|---|---|---|
| 1 | ইতিবাচক সম্মতি | ▪ ইতিবাচক সম্মতি সম্পর্কে শেখা।<br>▪ কখন একজন ব্যক্তির কিছু করায় সম্মতি আছে নাকি নেই, তা বোঝা।<br>▪ সম্মতিদান, যৌন সম্পর্কের আওতা, এবং নিরাপদ যৌন সম্পর্ক বিষয়ে একজন সঙ্গী বা পার্টনারের সাথে ভাব বিনিময়। |
| 2 | HIV সংক্রমণ: আমরা কর্ম বনাম আমাদের পরিচয় **প্রতিরোধ শিক্ষা থেকে নাম প্রত্যাহার* | ▪ যখন HIV বিষয়ক ঝুঁকির কথা আসে, তখন আচরণ এবং পরিচিতির মধ্যে পার্থক্য বোঝা।<br>▪ একজন ব্যক্তিকে কী HIV ঝুঁকির মধ্যে ফেলে এবং কীভাবে সেই ঝুঁকি হ্রাস করা যায় তা শেখা। |
| 3 | নিপীড়নের মাঝে সংযোগ ঘটানো: HIV-কে অপরাধ হিসেবে বিবেচনা করা | ▪ কীভাবে HIV সংক্রমিত হতে পারে সেটি পর্যালোচনা।<br>▪ HIV-এর সাথে সম্পর্কিত আইনসমূহ এবং নিষেধাজ্ঞা কীভাবে HIV মহামারীতে ভূমিকা রেখেছে তা শেখা।<br>▪ HIV সংক্রান্ত আইনসমূহের প্রভাব বিশ্লেষণ। |
| 4 | HIV আছে কিনা তা পরীক্ষা করা: আপনার কী জানা প্রয়োজন | ▪ কীভাবে HIV কোনো CD4 সেল-এর (কোষের) ক্ষতি করে সেটি জানা।<br>▪ "উইন্ডো-পিরিয়ড" (নির্ধারিত সময়সীমা) সম্পর্কে শেখা।<br>▪ NYC-তে HIV পরীক্ষণ এবং চিকিৎসা সম্পর্কে জানা।<br>▪ NYC-তে অপ্রাপ্তবয়স্কদের HIV পরীক্ষণ এবং চিকিৎসার অধিকারসমূহ জানা। |
| 5 | NYC-তে HIV পরীক্ষা ও প্রতিরোধ **প্রতিরোধ শিক্ষা থেকে নাম প্রত্যাহার* | ▪ NYC-তে কিশোর কিশোরীরা HIV প্রতিরোধ পদ্ধতি, পরীক্ষণ, এবং চিকিৎসার জন্য যেসব স্থানে যেতে পারে সেগুলি চিহ্নিতকরণ। |
| 6 | যৌন বিষয়ক স্বাস্থ্যসেবা খোঁজ করা এবং গ্রহণ করা | ▪ সাধারণ যৌন স্বাস্থ্য পরিচর্যা পরিষেবাসমূহ সম্পর্কে শেখা।<br>▪ যৌন স্বাস্থ্য সেবার জন্য একটি অ্যাপয়েন্টমেন্ট কীভাবে করতে হয় সেটি শেখা।<br>▪ যৌন বিষয়ক স্বাস্থ্যসেবা প্রদানকারীদের শনাক্তকরণ। |

## একাদশ (11) গ্রেডে HIV প্রতিরোধ শিক্ষা

| পাঠ বা লেসন # | পাঠ বা লেসনের শিরোনাম | ধারণা ও দক্ষতার প্রতি অভিনিবেশ |
|---|---|---|
| 1 | ইতিবাচক সম্মতি বিষয়ক আলোচনা | ▪ সম্মতি সম্পর্কে জানা।<br>▪ কীভাবে সম্মতির অনুরোধ জানাতে হয় তা প্রদর্শন। |
| 2 | ঝুঁকি কমানোর অনেক উপায় রয়েছে<br>**প্রতিরোধ শিক্ষা থেকে নাম প্রত্যাহার* | ▪ HIV-এর ঝুঁকি নেই, ঝুঁকি কম, অথবা উচ্চ ঝুঁকিবহুল যৌন সম্পর্কের ধরনসমূহ বোঝা।<br>▪ কীসের প্রভাবে কোনও ব্যক্তি যৌন আচরণে লিপ্ত হয় তা বিশ্লেষণ করা। |
| 3 | আপনার ব্যক্তিগত যৌন-স্বাস্থ্য পরিচর্যা | ▪ মানব দেহগুলো কীভাবে অভিন্ন ও কীভাবে ভিন্ন, সেটা জানা।<br>▪ যৌন স্বাস্থ্য বিষয়ক সেবা ব্যবস্থাপনা পরিকল্পনা সম্পর্কে জানা। |
| 4 | HIV এবং STI পরীক্ষণ বা টেস্টিং 101: পরীক্ষা বা টেস্ট করানো, আপনার অধিকার জানা | ▪ কোনো HIV অথবা STI পরীক্ষণ সম্পর্কে শেখা।<br>▪ অপ্রাপ্তবয়স্কদের STI/ HIV পরীক্ষণ সম্পর্কিত অধিকারসমূহ জানা।<br>▪ অপ্রাপ্তবয়স্কদের জন্য HIV পরীক্ষণ সম্পর্কিত বিভিন্ন তথ্য-উপকরণ শনাক্তকরণ। |
| 5 | ক্লিনিকের বৈশিষ্ট্যসমূহ: কিশোর-কিশোরী-বান্ধব সেবা প্রদানকারী খোঁজা | ▪ কিশোর-কিশোরী-বান্ধব ক্লিনিকসমূহ সম্পর্কে জানা।<br>▪ কোনো স্বাস্থ্যসেবা প্রদানকারী খোঁজার সময় ব্যক্তিগত অগ্রাধিকার মূল্যায়ন। |
| 6 | জরুরী প্রয়োজনে যৌন বিষয়ক স্বাস্থ্য সেবা: কী করতে হবে, যদি...<br>**প্রতিরোধ পাঠ্য বা লেসন থেকে নাম প্রত্যাহার* | ▪ যৌন স্বাস্থ্য সম্পর্কিত সাধারণ জরুরি অবস্থাগুলো জানা।<br>▪ যৌন স্বাস্থ্য সম্পর্কিত জরুরি অবস্থায় ব্যবহার করা যাবে এমন আস্থাভাজন সংস্থানসমূহ (রিসোর্স) শনাক্তকরণ। |

## দ্বাদশ (12) গ্রেডে HIV প্রতিরোধ শিক্ষা

| পাঠ বা লেসন # | পাঠ বা লেসনের শিরোনাম | ধারণা ও দক্ষতার প্রতি অভিনিবেশ |
|---|---|---|
| 1 | NYC HIV পক্ষাবলম্বনকারী (অ্যাডভোকেসি) চ্যাম্পিয়ন | ▪ একজন পক্ষাবলম্বনকারী (অ্যাডভোকেট) হবার অর্থ কী সেটি জানা।<br>▪ NYC-তে HIV মহামারী বিষয়ক পক্ষাবলম্বনকারী (অ্যাডভোকেট) এবং কার্যক্রমসমূহ শনাক্তকরণ।<br>▪ একজন পক্ষাবলম্বনকারী (অ্যাডভোকেট) হবার উপায়সমূহ জানা। |
| 2 | জীবনব্যাপী স্বাস্থ্য-পরিচর্যার চর্চা<br>*প্রতিরোধ শিক্ষা থেকে নাম প্রত্যাহার | ▪ গতানুগতিকতা এবং বৈষম্য কীভাবে যৌন-স্বাস্থ্য পরিচর্যায় বিঘ্ন ঘটাতে পারে সেটি জানা।<br>▪ HIV সংক্রান্ত স্বাস্থ্য-পরিচর্যার চর্চা সম্পর্কে জানা।<br>▪ ব্যক্তি পরিচিতি যাই হোক, মানসম্পন্ন যৌন স্বাস্থ্য পরিচর্যা লাভের উপায়গুলি শনাক্তকরণ। |
| 3 | NYC-তে একজন অপ্রাপ্তবয়স্ক হিসেবে যৌন স্বাস্থ্য পরিচর্যার অধিকার<br>***প্রতিরোধ শিক্ষা থেকে নাম প্রত্যাহার* | ▪ কিশোর-কিশোরীদের জন্য যৌন স্বাস্থ্য পরিচর্যা পরিষেবা লাভ কেন গুরুত্বপূর্ণ তা শেখা।<br>▪ NYC-তে অপ্রাপ্তবয়স্কদের যৌন স্বাস্থ্য পরিচর্যা পরিষেবা শনাক্তকরণ।<br>▪ স্বাস্থ্য পরিচর্যায় LGBTQ অধিকারসমূহ সম্পর্কে জানা। |
| 4 | কনডম ব্যবহারে দক্ষতা<br>**প্রতিরোধ শিক্ষা থেকে নাম প্রত্যাহার* | ▪ কীভাবে বাহ্যিক এবং অভ্যন্তরীণ কনডম ব্যবহার করা যায় সেটি প্রদর্শন।<br>▪ কনডম ব্যবহার এবং সংরক্ষণে সাধারণ ভুলগুলি সম্পর্কে জানা<br>▪ NYC-তে যেখানে তরুণরা কনডম পেতে পারে, সেসব স্থান চিহ্নিতকরণ। |
| 5 | পিতামাতাদের সাথে যোগাযোগ<br>**প্রতিরোধ শিক্ষা থেকে নাম প্রত্যাহার* | ▪ সক্রিয় শ্রোতা হওয়ার দক্ষতা অনুশীলন।<br>▪ দ্বন্দ্ব ব্যবস্থাপনার দক্ষতা শনাক্তকরণ।<br>▪ সম্পর্কের ক্ষেত্রে দ্বন্দ্ব ব্যবস্থাপনার দক্ষতা থাকা কেন গুরুত্বপূর্ণ সেটি শেখা। |
| 6 | মর্যাদা = সেবা<br>**প্রতিরোধ শিক্ষা থেকে নাম প্রত্যাহার* | ▪ কোনও ব্যক্তি কীভাবে তার ও তার সঙ্গীর যৌন স্বাস্থ্যের প্রতি সম্মান প্রদর্শন করতে পারে তা শেখা।<br>▪ কোনো পার্টনারের সাথে যৌন স্বাস্থ্য সেবা বিষয়ে কথোপকথন শুরু করা। |